যুগান্তর

যুগান্তর

NOV. 21 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ফরনিক্স লিমিটেডের অনলাইন শিক্ষা কার্যক্রম শুরু

বাংলাদেশের প্রথম ও একমাত্র অনলাইন শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে আত্মপ্রকাশ করেছে www.fornix-education.com। এ সাইটের মাধ্যমে কম্পিউটার সংশ্লিষ্ট প্রায় সব বিষয়ের ওপর অনলাইনে পরীক্ষা দেয়া যাবে। সাইটে রক্ষিত টিউটোরিয়াল ব্যবহার করে শিক্ষার্থীরা বাড়িতে বসেই অনলাইনে পরীক্ষা দিয়ে পেতে পারেন কাঙ্ক্ষিত সার্টিফিকেট। এছাড়া শিক্ষার্থীরা ভারচুয়াল শিক্ষকের সাহায্য নিতে পারবেন। সিলভার, গোল্ডেন ও প্লাটিনাম এ তিন ধরনের সার্টিফিকেশনের ব্যবস্থা রয়েছে এ সাইটে। শিক্ষার্থীরা অনলাইনে ফ্রি পরীক্ষা দিয়ে সিলভার সার্টিফিকেট পেতে পারেন। গোল্ডেন সার্টিফিকেট পেতে হলে শিক্ষার্থীকে অবশ্যই ফরনিক্স অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে হবে এবং প্লাটিনাম সার্টিফিকেট কেবল ফরনিক্সের নিজস্ব ছাত্রদের জন্য। যোগাযোগ : সাহারা মঞ্জিল, ৩/২ লালমাটিয়া, ব্লক-সি, ঢাকা। ফোন : ৯১২২৩৫১।